গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ককলিয়ার ইমপ্লান্ট কার্যক্রম
প্রকল্প পরিচালকের কার্যালয়
ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল, ময়মনসিংহ
web.www.mmch.gov.bd Email:mmch@hospi.dghs.gov.bd



স্মারক নং-মমেকহা/ককলিয়ার/২০২৬/ ৭৫০৮

তারিখঃ ১৩/০৯/২০২৬ইং

# "বিজ্ঞপ্তি"

**বিষয়ঃ সম্পূর্ণ বধিরদের ককলিয়ার ইমপ্লান্ট ডিভাইস প্রাপ্তির আবেদন প্রসঙ্গে**

ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে শ্রবণ প্রতিবন্ধীদের কল্যাণে 'ককলিয়ার ইমপ্লান্ট কার্যক্রম' চালু রয়েছে। এই কর্মসূচির মাধ্যমে সম্পূর্ণ বধির শিশু অথবা ব্যক্তি যারা হিয়ারিং এইড ব্যবহার করেও কানে শুনতে পারে না, তাদেরকে সার্জারির মাধ্যমে কানে স্থাপনের জন্য সরকারি অর্থে ককলিয়ার ইমপ্লান্ট ডিভাইস (যন্ত্র) প্রদান করা হয়। নির্বাচিত প্রার্থীদেরকে ডিভাইসের আংশিক মূল্য পরিশোধ করতে হয়।

কর্মসূচির এ পর্যায়ে কিছু সংখ্যক ডিভাইস প্রদান করা হবে। ডিভাইস বরাদ্দ পাওয়ার জন্য আগ্রহী শ্রবণ প্রতিবন্ধী রোগী/প্রার্থী অথবা অভিভাবকদের কাছ থেকে আবেদন আহবান করা যাচ্ছে। এক্ষেত্রে ০৫ (পাঁচ) বছরের কমবয়সী শিশুরা অগ্রাধিকার দেওয়া হবে। আবেদনপত্র ও বিস্তারিত তথ্য নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পাওয়া যাবে। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত আবেদনপত্র সংগ্রহ ও জমা প্রদান করা যাবে।

13/9/26

(অধ্যাপক ডাঃ মাজহারুল আলম সিদ্দিকী)
কর্মসূচি পরিচালক
ককলিয়ার ইমপ্লান্ট কার্যক্রম
অধ্যাপক ও বিভাগীয় প্রধান (নাক, কান ও গলা বিভাগ)
ময়মনসিংহ মেডিকেল কলেজ ও হাসপাতাল
ময়মনসিংহ